



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.nmst.gov.bd



প্রজ্ঞাপন

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪. ১৭৭

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর নিয়োগ/পদোন্নতি/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক বাছাই কমিটি-২ (গ্রেড ১১ থেকে গ্রেড ২০) কর্তৃক সুপারিশের পরিপ্রেক্ষিতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে জুনিয়র টেকনিশিয়ান এর ১টি পদে টাকা ৯৩০০-২২৪৯০/- বেতনক্রমে, মিউজিয়াম এ্যাটেনডেন্ট এর ১টি পদে টাকা ৮৮০০-২১৩১০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত সনদ/কাগজপত্রে কোনোরূপ অমিল/গরমিল পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৮/০৯/২০১৮ তারিখের ৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০ নম্বর স্মারক মোতাবেক চাকুরীতে যোগদানের সময় তাঁকে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার কর্তৃক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

(গ) নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। চাকুরীতে যোগদানের তারিখ হতে তিনি ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকবেন। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবে। সন্তোষজনক শিক্ষানবিসকাল অবসান হওয়া সাপেক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে;

(ঘ) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে কোনো শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকুরী অবসানের কারণে উক্ত শিক্ষানবিস কোনো প্রকার ক্ষতিপূরণ পাবেন না। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোনো কর্মচারীকে তিন মাসের অগ্রিম নোটিশ দ্বারা বা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকুরীর অবসান ঘটাতে পারবে;

(ঙ) কোনো কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকুরী ত্যাগ করতে বা চাকুরী হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জাদুঘরকে তাঁর তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। কোনো শিক্ষানবিস তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকুরী ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জাদুঘরকে তাঁর এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

(চ) চাকুরীতে যোগদানের সময় তাঁকে নিজ এলাকার সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে;

(ছ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলী, প্রচলিত বিধি-বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে এবং চাকুরীকালে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যেকোনো দায়িত্ব পালন করতে হবে;

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং চাকুরীর বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকুরী নিয়ন্ত্রিত হবে;

(ঝ) নিয়োগ পরবর্তী কোনো কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তাঁর ক্ষেত্রে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ঞ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার ভাতা প্রাপ্য হবেন না এবং

(ট) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৪ শ্রাবণ ১৪৩৩/১৯ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পূর্বাঙ্কে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পদের নামঃ জুনিয়র টেকনিশিয়ান

গ্রেডঃ ১৬

নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	নাম	পিতার নাম ও ঠিকানা
১	১৫০০০৪১	মো: ইমরান হসাইন	পিতাঃ মো: আব্দুস সামাদ খান গ্রাম: কোলাদী, ডাকঘর: দুবলিয়া-৬৬০০ উপজেলা: পাবনা সদর, জেলা: পাবনা


৪। পদের নামঃ মিউজিয়াম এ্যাটেনডেন্ট

গ্রেডঃ ১৮

নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	নাম	পিতার নাম ও ঠিকানা
১	১৬০০০৮৩	মো: আকিমুল হাসান	পিতাঃ মো: আব্দুর রহমান গ্রাম: দশমী, ডাকঘর: বদরগঞ্জ-৭২০০ উপজেলা: চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


০২/০৭/২০২৫

ড. মো. মনিরুজ্জামান

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৮১৬০৬০৯


ই-মেইল: infonmst@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪.৩৭৭(৬)

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;
৩. পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর;
৪. সিভিল সার্জন, সিভিল সার্জন এর কার্যালয়, জনসংখ্যা ভবন (নিচ তলা), আজিমপুর, ঢাকা;
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৬. এ্যাকাউন্টস অফিসার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা;
৭. জনাব; এবং
৮. অফিস কপি।


০২/০৭/২০২৫

ড. মো. মনিরুজ্জামান

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)